

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামুদ্রিক মৎস্য দপ্তর  
সরকারী কার্যত্বন নং-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম।



পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৫০.১১৭.১৫- ৪৭৩

তারিখ: ১৬/০৫/২০২১ খ্রি।

বিষয়: বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই ২০২১ পর্যন্ত মোট ৬৫ (পাঁয়ষষ্ঠি) দিন সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ বন্ধ রাখার লক্ষ্যে সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ বাস্তবায়নে ক্ষমতা অর্পণ (Delegation of Power) প্রসঙ্গে।

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯- ১১০, তারিখ: ১৩/০৪/২০২১ খ্রি।

২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯- ১৩৮, তারিখ: ১২/০৫/২০২১ খ্রি।

৩। মৎস্য অধিদপ্তরের পত্র নং ৩৩.০২.০০০০.১০৯.০২.০০৫.২০-১৯৬, তারিখ: ১৬/০৫/২০২১ খ্রি।

উপর্যুক্তবিষয়ের আলোকে ১ নং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর ধারা ৩ উপধারা (২) এর ক্ষমতা বলে বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় মাছের সুষ্ঠু প্রজনন, উৎপাদন, সামুদ্রিক মৎস্যসম্পদ সংরক্ষণ এবং টেকসই মৎস্য আহরণের জন্য ২০ মে হতে ২৩ জুলাই ২০২১ পর্যন্ত মোট ৬৫ (পাঁয়ষষ্ঠি) দিন সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ করে প্রজাপন জারী করেছেন।

সরকার সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর অধীন ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে আইনের ৪৩ ধারার ক্ষমতাবলে ২(৮) ধারায় উল্লিখিত পরিচালকের দায়িত্ব পালনার্থে ২ নং সূত্রের মাধ্যমে পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রামকে নিযুক্ত করে প্রজাপন জারী করেছেন। মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রামকে ৩ নং সূত্রের মাধ্যমে একই আইনের ৪৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ক্ষমতা অর্পণ করা হয়। তৎপ্রেক্ষিতে, আইনের ৪৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপকূলীয় জেলা সমুহের জেলা মৎস্য কর্মকর্তাগণের (চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট) এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের নিকট ক্ষমতা অর্পণ (Delegation of Power) করা হলো।

অর্পিত এ ক্ষমতা ২০ মে হতে ২৩ জুলাই, ২০২১ খ্রি। পর্যন্ত বলবৎ থাকবে।

(ড. মোঃ শফিক উদ্দিন)  
পরিচালক (সামুদ্রিক)  
সামুদ্রিক মৎস্য দপ্তর  
আগরাবাদ, চট্টগ্রাম

ও  
পরিচালক  
সামুদ্রিক মৎস্য আইন, ২০২০

ফোন : ০৩১-৭২১৭৩১

E-mail: directormarine@fisheries.gov.bd

জেলা মৎস্য কর্মকর্তা,  
চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর বরিশাল, ঝালকাঠি,  
পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, খুলনা, সাতক্ষীরা বাগেরহাট  
এবং সংশ্লিষ্ট উপকূলীয় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

১৬/০৫/২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, বমনা, ঢাকা।
- ০৩। যুগ্ম সচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ০৪। কমান্ডার, বিএন ফিল্ট, নিউ মুরিং, বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম।
- ০৫। উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল বিভাগ।
- ০৬। জোনাল কমান্ডার, পূর্ব/দক্ষিণ/পশ্চিম জোন, বাংলাদেশ কোষ্টগার্ড বাহিনী, চট্টগ্রাম/ভোলা/খুলনা।
- ০৭। জেলা প্রশাসক (সকল উপকূলীয় জেলা)-----|
- ০৮। পুলিশ সুপার (সকল উপকূলীয় জেলা)-----|
- ০৯। জেলা মৎস্য কর্মকর্তা (সকল উপকূলীয় জেলা)-----|
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপকূলীয় উপজেলা)-----|
- ১১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা, (সকল উপকূলীয় উপজেলা)-----|
- ১২। অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট উপকূলীয় থানা)-----|
- ১৩। সংশ্লিষ্ট নথি-----|